দৈনিক ইনকিলাব

তারিখ 08 APR 1992
পৃষ্ঠা... ২ কলাম ৩...

## শিক্ষাঙ্গন

### প্রাথমিক শিক্ষকদের বেতন

দু'টি খাত থেকে প্রাথমিক শিক্ষকদের বেতন প্রদান করা হয়। অধিকাংশ শিক্ষককে ১৩৭ শিক্ষা খাত থেকে প্রতি মাসে নিয়মিত বেতন প্রদান করা হয়। অপরদিকে, কিছু শিক্ষককে ২০৫ উন্নয়ন খাত থেকে অনিয়মিতভাবে বেতন প্রদান করা হয়। প্রথম প্রথম প্রতি তিন মাস অন্তর উন্নয়ন খাতের শিক্ষকদের বেতন প্রদান করা হত। কিন্তু, অজ্ঞাত কারণে এবার একাধারে প্রায় ৮/৯ মাস পর্যন্ত উন্নয়ন খাতের শিক্ষকদের বেতন প্রদান করা হচ্ছে না। প্রতি মাসে নিয়মিত বেতন পেয়ে যেখানে সংসার চালাতে প্রাথমিক শিক্ষকদের হিমশিম খেতে হয়, সে ক্ষেত্রে যদি মাসের পর মাস বেতন ভাতাদি না পাওয়া যায় তাহলে তাদের সংসারে কি করুণ পরিণতি সৃষ্টি হয়, একথা বিবেচনার জন্য কি দেশে কোন কর্তৃপক্ষ নেই? এ বিষয়টা নিয়ে বারবার লেখালেখি হয়েছে, অনেকবার দাবী ওঠেছে উন্নয়ন খাতের শিক্ষকদের রাজস্ব খাতে আত্মীকরণের— কিন্তু কাজের কাজ কিছুই হয়নি। অথচ, তারাও সরকারী কর্মচারী। তারাও অন্য সবার মত।

—মুহাম্মদ মহসিন।